গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

# সরকারি সা'দত কলেজ

করটিয়া, টাঙ্গাইল

**কলেজ কোড**
শিক্ষা মন্ত্রণালয়: ০০৭০
জাতীয় বিশ্ববিদ্যালয়: ৫৩০১
EIIN: ১১৪৭৪৭

ফোন: ০৯২১-৬২৫৫৯, **e-mail:** principalsaadatcollege@yahoo.com **web:** www.saadatcollege.gov.bd

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
২৯ মে ২০২৫ খ্রিস্টাব্দ

## বিজ্ঞপ্তি

ভর্তি বিষয়ক ওয়েবসাইট
**(www.nu.ac.bd/admissions)**
SMS Code: 16222

সংশ্লিষ্ট সকলকে অবগত করা যাচ্ছে যে, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তির আবেদন ফরম জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি অনুযায়ী ০৩/০৬/২০২৫ তারিখ হতে ০৩/০৭/২০২৫ তারিখ পর্যন্ত (সরকারি ছুটি ব্যতীত) **ডিগ্রি পাস কোর্স শাখায়** সকাল ১০.০০ টা থেকে বিকাল ০৪.০০ টা পর্যন্ত জমা দিতে হবে।

**বিষয় সমূহ: বাংলা, ইতিহাস, রাষ্ট্রবিজ্ঞান, সমাজকর্ম, অর্থনীতি, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, প্রাণিবিদ্যা**

➢ **আবেদনের যোগ্যতা:**

১। এ ভর্তি কার্যক্রমে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮ থেকে ২০২২ সাল পর্যন্ত তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর এবং গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। এছাড়া আবেদনকারীর প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তিচ্ছু বিষয়ে সনাতন পদ্ধতিতে স্নাতক (পাস) পর্যায়ে ৪০০ নম্বরের পঠিত বিষয় হিসেবে থাকতে হবে এবং তাতে ন্যূনতম ৪০% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে জিপিএ ২.০ পেতে হবে।

২। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮ থেকে ২০২২ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে নূন্যতম ৪৫% নম্বর অথবা জিপিএ ২.২৫ পেলে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে ভর্তির সুযোগ পাবে।

৩। জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স ১ম পর্ব/ প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/ প্রাইভেট( পরীক্ষায় উত্তীর্ণ/ অধ্যয়নরত অথবা অন্য যে কোন প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। এ লক্ষ্যে "জাতীয় বিশ্ববিদ্যালয়/ যে কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/ অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো"- মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক সংরক্ষণ করে।

৪। জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না। তবে তারা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে ভর্তি যোগ্যতার শর্তপূরণ সাপেক্ষে আবেদনের সুযোগ পাবে।

➢ **প্রয়োজনীয় কাগজপত্র:**

১১. ভর্তির আবেদন ফরমের মূল কপি (স্বাক্ষর ও তারিখসহ)।
১২. স্নাতক পাস/সম্মান পরীক্ষার নম্বরপত্রের ১ কপি করে সত্যায়িত ফটোকপি।
১৩. স্নাতক পাস/সম্মান পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের ১ কপি করে সত্যায়িত ফটোকপি।
১৪. সোনালী পেমেন্ট গেটওয়ের (SPG) মাধ্যমে টাকা জমার Transaction এর কপি।
১৫. দ্বৈত ভর্তি সংক্রান্ত অঙ্গীকারনামার কপি।

**টাকা জমা দেওয়ার নিয়ম:**

https://sbl.com.bd:7070 লিংক- এ প্রবেশ করে অথবা Sonali eSheba মোবাইল অ্যাপ এর মাধ্যমে National University Fees মেন্যু থেকে Application Fee অপশনে প্রবেশ করে প্রয়োজনীয় তথ্য প্রদান করে ফি পরিশোধ করতে হবে।

➢ **ভর্তির ফলাফল:**

শিক্ষার্থীরা ভর্তি সংশ্লিষ্ট **Website (www.nu.ac.bd/admissions)** অথবা SMS (NU< Space>ATMP<Space>Roll No টাইপ করে ১৬২২২ নম্বরে Send করতে হবে) এর মাধ্যমে অথবা সংশ্লিষ্ট কলেজ থেকে ফলাফল জানতে পারবে।

➢ **সতর্কতা:**

ভর্তির আবেদন ফরমের ফটোকপি ও টাকা জমা দেয়ার সোনালী পেমেন্ট গেটওয়ে কর্তৃক ৪০০/- (চারশত) টাকা ইস্যুকৃত **Transaction** নম্বরের SMS নিজের কাছে সংরক্ষণ করবে।

ভর্তি সংক্রান্ত তথ্যের জন্য:

১. জনাব লায়লা ইয়াসমিন, প্রভাষক, রাষ্ট্রবিজ্ঞান ও আহ্বায়ক---------০১৭২৩-৯০৬৮০৬
২. জনাব মোহাম্মদ আব্দুস সাত্তার, শরীরচর্চা শিক্ষক, সদস্য-----------০১৭১৬-৯১৬৭৭৫
৩. জনাব মোঃ সাইফুল ইসলাম, অফিস সহায়ক, ------------------০১৭৩৭-৪২০২৯৬

29.05.2025

(প্রফেসর মো. মনিরুজ্জামান মিয়া)
আইডি নং-০০০০২১৯১
অধ্যক্ষ
সরকারি সা'দত কলেজ
করটিয়া, টাঙ্গাইল

সরকারি সা'দত কলেজ স্থাপিত ১৯২৬ খ্রি. করটিয়া, টাঙ্গাইল

অধ্যক্ষ
সরকারি সা'দত কলেজ
করটিয়া, টাঙ্গাইল।